দৈনিক বাংলা 186

তারিখ 30 DEC 1991
পৃষ্ঠা ১ কলাম ৭

# ভার্সিটিতে আবার সংঘর্ষের আশংকা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ বিবদমান দু'দলের অস্ত্রধারীদের বিপজ্জনক মহড়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে আবার সংঘর্ষের আশংকা দেখা দিয়েছে। হলে হলে অস্ত্রধারী ও বহিরাগতদের আনাগোনা বেড়েছে। ক্যাম্পাসে পুলিশের উপস্থিতিতেই সশস্ত্র তরুণরা দল বেঁধে মহড়া দিচ্ছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রভোষ্ট কমিটি বলেছে, ক্যাম্পাসে ছাত্র–ছাত্রী এবং অন্যান্য সকলের নিরাপত্তা এখন মারাত্মক হুমকির সম্মুখীন।

বৃহস্পতিবারের সংঘর্ষের পর গতকাল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয় দৃশ্যত শান্ত দেখালেও চাপা উত্তেজনা ছিল। বন্ধের দিন বলে ক্যাম্পাসে ছাত্র–ছাত্রীদের উপস্থিতি ছিল কম। সন্ধ্যায় টিএসসিতে ১৫/২০ জন সশস্ত্র তরুণ মহড়া দিতে শুরু করলে আতংকে ছড়িয়ে পড়ে। এই দলটি টিএসসি

(শেষ পৃঃ ৪–এর কঃ দ্রঃ)

## সংঘর্ষের আশংকা

থেকে শামসুন্নাহার হল পর্যন্ত চক্কর দিয়ে কলাভবনের দিকে ফিরে যায়।

**প্রভোস্ট কমিটির সভা**

শুক্রবার অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় প্রভোষ্ট কমিটির সভায় বলা হয়েছে, হলগুলিতে অস্ত্রধারী ও বহিরাগতদের আনাগোনা বিপজ্জনকভাবে বেড়েছে। এ অবস্থায় কেবল যে সাধারণ ছাত্র–ছাত্রীদের লেখাপড়া ও পরীক্ষা অনুষ্ঠানে বিঘ্ন ঘটছে তা নয়, সবার নিরাপত্তারও মারাত্মক হুমকির সম্মুখীন। সভায় হলগুলিতে সন্ত্রাসীরা যাতে অবস্থান নিতে না পারে সে জন্য হল প্রশাসনকে আরও তৎপর হতে বলা হয়। শুক্রবারের সংঘর্ষের সময় পুলিশের তৎপরতার প্রশংসা করে সভায় বলা হয়, পুলিশ আরও তৎপর হলে সন্ত্রাসী ও অস্ত্রধারীদের গ্রেফতার করা সম্ভব হবে এবং তা হল প্রশাসনকে হলের অভ্যন্তরীণ আইন–শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে সাহায্য করবে। হলের মধ্যে যদি কোন সন্ত্রাসী অবস্থান করে তা হল প্রশাসনকে সঙ্গে সঙ্গে জানানোর জন্য সভায় সাধারণ ছাত্র–ছাত্রীদের প্রতি আহ্বান জানানো হয়।

বাংলাদেশ ছাত্র মৈত্রী ও জাতীয় ছাত্রলীগ পৃথক বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্রলীগের (শা–অ) মধ্যে গোলাগুলির তীব্র নিন্দা করেছে।